JAN. 31 2001

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...



বছরের একমাস গত হলেও এখনো বই পৌছায়নি এসব কোমলমতি ছাত্রছাত্রীদের হাতে। বইয়ের দাবিতে ক্লাসরুম ছেড়ে তাই তারা নেমে এসেছে নগরীর রাস্তায়। নগরীর তোপখানা রোড থেকে গতকাল তোলা ছবি —ভোরের কাগজ

# বইয়ের দাবিতে বিক্ষোভ মিছিল, সমাবেশ গণঅনশন

কাগজ প্রতিবেদক : স্কুল ছাত্রছাত্রীদের পাঠ্যপুস্তকের চলমান সংকট নিরসনের দাবিতে গতকাল বেলা ১টায় সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট প্রকৌশল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ কর্মসূচি পালন করেছে।

মিছিলে অংশগ্রহণকারীরা 'স্কুলের পাঠ্যপুস্তকে ভুল কেন- শিক্ষামন্ত্রী জবাব চাই, স্কুলের বই নিয়ে ব্যবসা করা চলবে না, প্রভৃতি স্লোগান দেয়। মিছিল শেষে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি নূরুল ইসলাম, মোশাররফ হোসেন ও তারেক আহমদ প্রমুখ। এদিকে

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৪

## বইয়ের দাবিতে বিক্ষোভ

● প্রথম পাতার পর

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন পাঠ্যপুস্তক সংকট সৃষ্টিকারীদের বিচার ও নির্ভুল বই সরবরাহের দাবিতে প্রতীক অনশন কর্মসূচি পালন করেছে। জাতীয় প্রেসক্লাবের সামনে অনুষ্ঠিত অনশন কর্মসূচিতে সংহতি জ্ঞাপন করেন সিপিবি নেতা মঞ্জুরুল আহসান খান, সাইফুল হক ও মামুনুর রশিদ প্রমুখ। অনশন চলাকালে বক্তব্য রাখেন ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সভাপতি হাসান তারিক চৌধুরী সোহেল, মোঃ নূর আলম, খান আসাদুজ্জামান মাসুম ও শহীদুল ইসলাম প্রমুখ। বক্তারা বলেন, প্রশাসনের দুর্নীতিবাজ কর্মকর্তা ও ঋণখেলাপি লুটেরা ধনিক বেক্সিমকো গ্রুপ ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন নিয়ে ছিনিমিনি খেলা শুরু করেছে। ভুলে ভরা অপর্যাপ্ত বই চড়া দামে বাজারে ছাড়া হয়েছে। বক্তারা অবিলম্বে নির্ভুল ও পর্যাপ্ত পরিমাণে বই বাজারে ছাড়ার দাবি জানান।